

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৯ (কলেজ-৪)

নং শিম/শাঃ৯/১ ভূমি-২/২০০০/৫০০

তারিখ : ২৩ আশ্বিন ১৪২০ বঙ্গঃ
০৮ অক্টোবর ২০১৩ খ্রিঃ

পরিপত্র

বিষয় : সরকারি ও বেসরকারি কলেজের অনুকূলে জমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রস্তাব প্রেরণের নির্দেশনা।

দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজের নামে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে :

২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জমি অধিগ্রহণের ক্ষেত্রে “স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭” এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলির ২০.২ অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজন হবে না।

৩। সরকারি ও বেসরকারি কলেজের অধ্যক্ষগণ জমি অধিগ্রহণ বা অন্য কোন বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করবেন।

৪। সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জমির দলিলপত্র সংরক্ষণ ও অন্যান্য কাগজপত্র হালনাগাদ রাখতে হবে।

৫। সরকারি কলেজের অনুকূলে জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণকালে “স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭” এর ২০.১ অনুচ্ছেদ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রস্তাব প্রেরণ কালে নিম্নোক্ত তথ্য ও দলিলাদি সংযুক্ত করতে হবে :

- জমি অধিগ্রহণের সম্ভাব্য ব্যয়ের পরিমাণ এবং এই ব্যয়ের খাত উল্লেখ করতে হবে;
- জমির মৌজা, জে এল. নং, খতিয়ান, দাগ নং সহ বিস্তারিত তফসিল;
- জমির নিষ্কটকতা বিষয়ে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়নপত্র;
- সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রস্তাবিত জমির মূল্য নির্ধারণ;
- প্রস্তাবিত জমির স্কেচ ম্যাপ (জমি ও কলেজের অবস্থান চিহ্নিতকরণসহ);
- জমির মালিকানা সম্পর্কিত তথ্যাদি।

৬। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত
০৮/১০/২০১৩
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব

বিতরণ :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(তঁার অধীনস্থ সকল সরকারি/বেসরকারি কলেজের অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ)

নং শিম/শাঃ৯/১ ভূমি-২/২০০০/৫০০(৭২)

তারিখ : ২৩ আশ্বিন ১৪২০ বঙ্গঃ
০৮ অক্টোবর ২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। যুগ্ম-সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম-সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, (সকল)।

{ তঁার অধীনস্থ সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) কে অবহিত করার অনুরোধসহ। }

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।)


৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। যুগ্ম-সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। গার্ড ফাইল।

৯। অফিস কপি।


০৮/১০/১৩
(সাকিউন নাহার বেগম)
উপ-সচিব
☎: ৯৫৭৭৪২৫